

বিএনএসিডব্লিউসি'র সনদপত্র নবায়নের জন্য আবেদনের নিয়মাবলি এবং প্রয়োজনীয় কাগজপত্র

বিএনএসিডব্লিউসি'র সাথে তালিকাভুক্তি সনদের মেয়াদ শেষ হওয়ার ৯০ দিন পূর্বে সনদ নবায়নের জন্য আবেদন করতে হবে। তালিকাভুক্তি সনদ নবায়নের লক্ষ্যে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত কাগজপত্র বা দলিলাদিসহ জাতীয় কর্তৃপক্ষের নিকট “ফরম-গ” এর মাধ্যমে আবেদন (ফরম-গ বা আবেদনপত্র বিএনএসিডব্লিউসি'র ওয়েবসাইট ও অফিস থেকে সংগ্রহ করা যাবে) করা যাবে:-

- ✦ দুই কপি পাসপোর্ট সাইজের ছবি (ব্যক্তির ক্ষেত্রে)।
- ✦ হালনাগাদ ব্যবসা পরিচালনা সংক্রান্ত ড্রেড লাইসেন্স।
- ✦ হালনাগাদ মূল্য সংযোজন কর (VAT) রেজিস্ট্রেশন সার্টিফিকেট।
- ✦ হালনাগাদ আমদানি নিবন্ধন সনদপত্র (আই, আর, সি) ও রপ্তানি নিবন্ধন সনদপত্র (ই, আর, সি) [শুধুমাত্র আমদানিকারক ও রপ্তানিকারকদের জন্য]
- ✦ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক ফায়ার সার্টিফিকেট।
- ✦ তালিকাভুক্তির সনদ নম্বর, সনদ প্রাপ্তির তারিখ ও মেয়াদকাল (ফটোকপি সংযুক্তি)।
- ✦ আবেদনকারীর সর্বশেষ ২ (দুই) বৎসরের কার্য সম্পাদন প্রতিবেদন (দুই প্রস্থ)।
- ✦ তালিকাভুক্তি সনদ নবায়নের জন্য ৩০০.০০ (তিনশত টাকা মাত্র), সঞ্চয়ী হিসাব নম্বর ০১১১৫-৩৪৫০২৮৬৭, সোনালী ব্যাংক, ঢাকা সেনানিবাস কর্পোরেট শাখা, বাংলাদেশ “জাতীয় কর্তৃপক্ষ: সিডব্লিউসি তালিকাভুক্তিকরণ ফান্ড” বরাবর ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার করতে হবে।
- ✦ আবেদনকারীর বিরুদ্ধে কোন ফৌজদারী, অর্থ ঋণ সংক্রান্ত বা অন্য কোন মামলা বিদ্যমান থাকিলে উহার বিস্তারিত বিবরণ।
- ✦ আবেদনকারী ইতোপূর্বে কোন মামলায় আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হইয়া থাকিলে উহার বিস্তারিত বিবরণ।



বাংলাদেশ জাতীয় কর্তৃপক্ষ, রাসায়নিক অস্ত্র কনভেনশন (বিএনএসিডব্লিউসি)

বিএনএসিডব্লিউসি'র পরিচিতি

১৯৯২ সালের ০৩ সেপ্টেম্বর সুইজারল্যান্ডের জেনেভায় রাসায়নিক অস্ত্র কনভেনশন (সিডব্লিউসি) গৃহিত হয় এবং ১৩ জানুয়ারি ১৯৯৩ সালে এটি স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হয়। ১৪ জানুয়ারি ১৯৯৩ সালে বাংলাদেশ সিডব্লিউসিতে স্বাক্ষর করে এবং ২৫ এপ্রিল ১৯৯৭ সালে কনভেনশনটি অনুমোদন করে। কনভেনশনটি জাতীয় পর্যায়ে বাস্তবায়ন এবং ওপিসিডব্লিউ'র বাংলাদেশ মুখপাত্র হিসেবে ভূমিকা পালনের জন্য গঠিত হয় বাংলাদেশ জাতীয় কর্তৃপক্ষ, রাসায়নিক অস্ত্র কনভেনশন (বিএনএসিডব্লিউসি)। ১৯৯৩ সাল হতে ১৯৯৭ সাল পর্যন্ত জাতীয় কর্তৃপক্ষ পবরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হয়। অতঃপর ১৯৯৭ সাল হতে সশস্ত্র বাহিনী বিভাগকে জাতীয় কর্তৃপক্ষের দায়িত্বভার প্রদান করা হয়। সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার জাতীয় কর্তৃপক্ষের চেয়ারম্যান এবং একই বিভাগের অসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তরের মহাপরিচালক জাতীয় কর্তৃপক্ষের সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করে থাকেন। বিভিন্ন মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী এবং রাসায়নিক দ্রব্যাদি সংক্রান্ত বিষয়াদির সাথে সম্পর্কিত বিভিন্ন গুরুত্বপূর্ণ সংস্কার অনুগণ যুগ্মসচিব পদমর্যাদার ২০ জন সদস্য নিয়ে বিএনএসিডব্লিউসি গঠিত। বছরে ১/২ বার জাতীয় কর্তৃপক্ষের সাধারণ সভার মাধ্যমে বিভিন্ন নীতি নির্ধারণ ও বিএনএসিডব্লিউসি'র করণীয় নির্ধারণ করা হয়। বিএনএসিডব্লিউসি'র নীতি ও সিদ্ধান্তসমূহ মার্চ পর্যায়ের বাস্তবায়নের জন্য বিএনএসিডব্লিউসি'র একটি নির্বাহী সেল রয়েছে। নির্বাহী সেলের কর্মকর্তাগণ সারাদেশে কনভেনশন ও এ সম্পর্কিত আইন ও বিধিমালাসমূহ বাস্তবায়নের জন্য কাজ করে থাকেন।

বিএনএসিডব্লিউসি'র কার্যাবলী

- ✦ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কনভেনশনের আওতায় যাবতীয় যোগাযোগ রক্ষাকরণ।
- ✦ এই আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণ।
- ✦ কনভেনশনের অধীন বাংলাদেশের ক্ষেত্রে প্রযোজ্য দায়-দায়িত্ব পালন।
- ✦ প্রতিপাদন পরিশিষ্ট অনুযায়ী বাংলাদেশের যে কোন স্থাপনা ও স্থান পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ।
- ✦ কর্তৃপক্ষের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনে নির্বাহী সেলের কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।
- ✦ রাসায়নিক অস্ত্র সংক্রান্ত বিষয়ে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম, সন্মেলন ও কর্মশালা আয়োজন ও পরিচালনা করা।
- ✦ কনভেনশনের সাথে সম্পর্কিত নয় এমন স্পর্শকাতর স্থাপনাসমূহ রক্ষায় যথাযথ ব্যবস্থা গ্রহণ।
- ✦ কনভেনশনের অধীন অন্যান্য দায়-দায়িত্ব পালন।
- ✦ বাংলাদেশের স্থায়ী প্রতিনিধির কার্যালয়ে বিশেষজ্ঞ কর্মকর্তা নিয়োগের বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান।
- ✦ উপরি-উক্ত কার্যাবলী এবং এই আইনের অধীন অন্যান্য বিধানের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় আনুষ্ঠানিক কার্যাবলী সম্পাদন।

বিএনএসিডব্লিউসি'র আইন ও বিধিমালাসমূহ

- ✦ রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরণ) আইন, ২০০৬
- ✦ তালিকাভুক্তিকরণ বিধিমালা, ২০১০
- ✦ আমদানি নীতি আদেশ, ২০১১
- ✦ রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরণ) সংশোধন আইন, ২০২১

বিএনএসিডব্লিউসি'র সনদপত্র যাদের জন্য প্রযোজ্য

‘রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরণ) আইন, ২০০৬’ এবং ‘তালিকাভুক্তিকরণ বিধিমালা, ২০১০’ মোতাবেক তফসিলভুক্ত রাসায়নিক দ্রব্যের উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, অর্জন, ব্যবহার, স্থানান্তর, আমদানি, রপ্তানি বা স্বতন্ত্র জৈব রাসায়নিক দ্রব্য বা স্বতন্ত্র জৈব রাসায়নিক দ্রব্যসহ ফসফরাস, সালফার বা ফ্লোরিনযুক্ত বিষাক্ত রাসায়নিক দ্রব্য উৎপাদনকারী বা উৎপাদনের সাথে সম্পৃক্ত ব্যক্তি/কোম্পানিকে বিএনএসিডব্লিউসি'র সাথে তালিকাভুক্তির বাধ্যবাধকতা রয়েছে।

বিএনএসিডব্লিউসি'র সনদপত্রের সাথে আবেদনের নিয়মাবলি এবং প্রয়োজনীয় কাগজপত্র

বিএনএসিডব্লিউসি'র সাথে তালিকাভুক্তির লক্ষ্যে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত কাগজপত্র বা দলিলাদিসহ জাতীয় কর্তৃপক্ষের নিকট “ফরম-ক” এর মাধ্যমে আবেদন (ফরম-ক বা আবেদনপত্র বিএনএসিডব্লিউসি'র ওয়েবসাইট ও অফিস থেকে সংগ্রহ করা যাবে) করা যাবে:

- ✦ দুই কপি পাসপোর্ট সাইজের ছবি (ব্যক্তির ক্ষেত্রে)।
- ✦ জাতীয় পরিচয়পত্র / নাগরিকত্ব সনদপত্র।
- ✦ ব্যবসা পরিচালনা সংক্রান্ত ট্রেড লাইসেন্স।
- ✦ টি, আই, এন সনদপত্র (Tax Identification Number (TIN) Certificate)।
- ✦ মূল্য সংযোজন কর (VAT) রেজিস্ট্রেশন সার্টিফিকেট।
- ✦ আমদানি নিবন্ধন সনদপত্র (আই, আর, সি) ও রপ্তানি নিবন্ধন সনদপত্র (ই, আর, সি) শুধুমাত্র আমদানিকারক ও রপ্তানিকারকদের জন্য।
- ✦ তালিকাভুক্তি সনদের জন্য ফি ৫০০.০০ (পাঁচশত টাকা মাত্র) সঞ্চয়ী হিসাব নম্বর ০১১১৫-৩৪৫০২৮৬৭, সোনালী ব্যাংক, ঢাকা সেনানিবাস কর্পোরেট শাখা, বাংলাদেশ “জাতীয় কর্তৃপক্ষ: সিডব্লিউসি তালিকাভুক্তিকরণ ফান্ড” বরাবর ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার করতে হবে।
- ✦ তফসিলভুক্ত রাসায়নিক দ্রব্য ব্যবহার, উৎপাদন ইত্যাদি বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের (নিজ অফিস প্যাডে কোম্পানি কর্তৃক প্রদত্ত) প্রত্যয়নপত্র।
- ✦ তফসিলভুক্ত রাসায়নিক দ্রব্যের উৎপাদনকারী, ব্যবহারকারী, প্রক্রিয়াজাতকারী ও অর্জনকারী কর্তৃক ব্যবহৃত যন্ত্রপাতি ও অবকাঠামো বিষয় সম্পর্কিত ঘোষণাপত্র।
- ✦ বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর বিধান অনুযায়ী আবেদনকারী যে এসোসিয়েশন অথবা জেলা চেম্বারের সদস্য সেই সংগঠনের সদস্যভুক্তির সনদপত্র
- ✦ কোম্পানীর ক্ষেত্রে, দফ (ক) হতে দফ (গ) তে উল্লিখিত কাগজপত্র ও দলিলাদিসহ নিম্নবর্ণিত দলিলাদি, যথাঃ-
 - এর মেমোব্রেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশনের এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেট; এবং
 - এর মালিক, চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য পরিচালকগণের নাগরিকত্ব সনদপত্রসহ প্রত্যেকের দুই কপি পাসপোর্ট সাইজের ছবি।
- ✦ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক ফায়ার সার্টিফিকেট।